

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৯৩(আগরতলা, ০৭।০৫)

সোনামুড়া, ০৭ মে, ২০১৮

মেলাঘরে রবীন্দ্র জয়ন্তী পালনের প্রস্তুতি

তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং মেলাঘর পুর পরিষদের যৌথ উদ্যোগে দু'দিন ব্যাপী অনুষ্ঠানের মাধ্যমে রবীন্দ্র জয়ন্তী পালনের উদ্যোগ নেওয়া হয়েছে। আগামী ৯মে রবীন্দ্র জয়ন্তীর মূল অনুষ্ঠান হবে সন্ধ্যা ৬ টায় মেলাঘর টাউন হলো। এদিন অনুষ্ঠান শুরু হবে সকালে পুর পরিষদ অফিসের সামনে রবীন্দ্র মূর্তিতে মাল্যদানের মধ্য দিয়ে। এরপর হবে বর্ণাঢ্য শোভাযাত্রা। বিকালে পুর পরিষদের মিলনায়তনে আয়োজন করা হয়েছে বসে আঁকো প্রতিযোগিতার।

আগামী ১০ মে বিকালে আয়োজন করা হয়েছে কুইজ প্রতিযোগিতার। সন্ধ্যায় আয়োজন করা হয়েছে পুরস্কার বিতরণ এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের। সম্প্রতি মেলাঘর পুর পরিষদের মিলনায়তনে রবীন্দ্র জয়ন্তী আয়োজনের প্রস্তুতি সভায় এসব সিদ্ধান্তগুলি নেওয়া হয়েছে। অনুষ্ঠান সুষ্ঠুভাবে আয়োজনের জন্য সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে।
